বাংলাদেশ তাঁত বোর্ড
বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.bhb.gov.bd

স্মারক নং: ২৪.০৫.০০০০.৫১১.১১.০০১.২১-১০৪০

তারিখঃ ০৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের গত ০১ জুন ২০২২ তারিখের ২৪.০০.০০০০.১১৬.২৮.০০১.১৪-৭৯নং স্মারকের প্রদত্ত ছাড়পত্র অনুসারে বাংলাদেশ তাঁত বোর্ডের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদসংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | অধ্যক্ষ (সিএইচপিইডি) [গ্রেড-৩] [৫৬,৫০০-৭৪,৪০০/-] | ০১ (এক) টি | কোন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে দায়িত্বশীল পদে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতাসহ টেক্সটাইল টেকনোলজিতে ডিগ্রী অথবা ১৫ বৎসরের অভিজ্ঞতাসহ টেক্সটাইল টেকনোলজিতে ডিপ্লোমা। |

**আবেদনের শর্তাবলী:**

০১ বাংলাদেশ তাঁত বোর্ডের গত ০৭ জুলাই ২০২২ খ্রিঃ তারিখের ২৪.০৫.০০০০.৫১১.১১.০০১.২১.৬৭৫ নং স্মারকমূলে গত ০৯ জুলাই ২০২২ খ্রিঃ তারিখে 'দৈনিক আমাদের সময়' এবং 'The Daily Sun' পত্রিকায় প্রকাশিত 'অধ্যক্ষ (সিএইচপিইডি)'-এর ০১টি শূন্যপদে নিয়োগ বিজ্ঞপ্তির ভিত্তিতে যারা আবেদন করেছেন তাঁদের পুনরায় উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।

০২ প্রার্থীদের সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েবসাইট www.bhb.gov.bd হতে সংগ্রহ করা যাবে। উক্ত ওয়েবসাইটে প্রবেশপত্রের একটি নমুনা সংযুক্ত করা হয়েছে। প্রার্থীদেরকে প্রবেশপত্রের ০২ (দুই) কপি যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে ১২ নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবিও আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রার্থীদের আবেদন ফরম অবশ্যই প্রার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে।

০৩ আবেদনপত্র আগামী ১৫.০১.২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর রেজিস্ট্রার্ড ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪ (ক) ২২.১২.২০২২ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স অনূর্ধ্ব ৪০ বৎসর (অধিকতর অভিজ্ঞতা/উচ্চতর ডিগ্রীধারীর ক্ষেত্রে ০২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)

(খ) এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারক মোতাবেক চাকরি প্রার্থীদের বয়স ২৫ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলেও প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

০৫ সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৬ লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন এবং সংশ্লিষ্ট সনদের মূলকপির সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে:
(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র; (খ) জাতীয় পরিচয়পত্র; (গ) জন্ম সনদ; (ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (ঙ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (চ) অভিজ্ঞতা সনদপত্র ও প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়ন পত্র।

০৭ প্রার্থী কর্তৃক প্রেরিত খামের উপরে পদের নাম ও প্রার্থীর নিজ জেলা উল্লেখ করতে হবে। প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০"×৪.৫" সাইজের) পাঠাতে হবে। প্রার্থীর ঠিকানাবিহীন ফেরতখাম গ্রহণযোগ্য হবে না।

০৮ প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯ লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়সূচি প্রার্থীর আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে। তাছাড়া, উক্ত সময়সূচি বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েবসাইট (www.bhb.gov.bd) এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১০ নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১১ প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদপত্র/কাগজপত্র/প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকরি প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তাঁর সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁকে চাকরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২ অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ১,০০০/-(এক হাজার) টাকা চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড এর অনুকূলে জমার স্বপক্ষে চালান/ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মূলকপি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

১৫ উপরে বর্ণিত শর্তাবলীর মধ্যে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে বাংলাদেশ তাঁত বোর্ড চাকরি প্রবিধানমালা প্রয়োজনবোধে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২২.১২.২০২২

(সুকুমার চন্দ্র সাহা)
পরিচালক (প্রশাসন) [অঃদাঃ]
ও
সদস্য সচিব
১ নং নিয়োগ/পদোন্নতি বাছাই কমিটি, বাতাঁবো
ফোনঃ ৫৮১৫২৮৯৮
E-mail: director.admin@bhb.gov.bd